

গত বছরের সেরা ১০ ওপেন সোর্স সফটওয়্যার

নানা কারণে ঘটনাবল্হ একটি বছর ছিল ২০০৯। প্রযুক্তিগত উদ্ভাবনের দিক দিয়েও এ বছর পিছিয়ে ছিল না মোটেই। সাইবারসিটি নামে একটি ওয়েব সাইট ২০০৯-এর সেরা দশটি ওপেন সোর্স সফটওয়্যার নিয়ে একটি আকর্ষণীয় নিবন্ধ ছাপিয়েছে। এগুলো সব পূর্ণাঙ্গ ক্রস প-টফর্ম সফটওয়্যার, ছবি সম্পাদনা থেকে শুরু করে ভার্সুয়ালাইজেশন - বিভিন্ন কাজে এদের জুড়ি নেই। বিবেক গীতে-র সংকলন করা ২০০৯-এর সেরা এই ১০ ওপেন সোর্স-এর কাহিনী শোনাচ্ছেন মোখলেসুর রহমান স্বপন।

১। ইঙ্কস্কেপ (ভেক্টর গ্রাফিক্স এডিটর)

ইঙ্কস্কেপ (Inkscape) একটি ভেক্টর গ্রাফিক্স এডিটর, কাজের দিক দিয়ে যা অ্যাডোব ইলাস্ট্রেটর, কোরেলড্র এবং জারা এক্স-এর মত। অবজেক্ট ম্যানিপুলেশন এবং বিভিন্ন অবজেক্টে স্টাইল প্রয়োগ করার জন্য এটি একটি আদর্শ সফটওয়্যার। ইঙ্কস্কেপ মার্কার, ক্যান, আলফাবে-সিৎ-সহ নানারকম SVG

(স্কেলেবল ভেক্টর গ্রাফিক্স) ফিচারে ঠাসা। নোড এডিট করা, জটিল পথ কার্যক্রম সম্পন্ন করা, বিটম্যাপ ট্রেস করা সহ নানা কাজে এটি সুদক্ষ। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.inkscape.org>

২। ৭-জিপ (আর্কাইভার প্রোগ্রাম)

৭-জিপ (7-Zip) একটি ফাইল আর্কাইভার প্রোগ্রাম। আর্কাইভিং এবং কমপ্রেসিং-এর কাজে এটি উইনজিপ-এর চাইতে অনেক কার্যকর। এটি অনেকগুলো ফরম্যাট সাপোর্ট করে। প্যাকিং/আনপ্যাকিং-এর জন্য সাপোর্ট করে 7z, ZIP, GZIP, BZIP2 এবং TAR। আর কেবলমাত্র আনপ্যাকিং-এর কাজে সাপোর্ট করে ARJ, CAB, CHM, CPIO, DEB, DMG, HFS, ISO, LZH, LZMA, MSI, NSIS, RAR, RPM, UDF, WIM, XAR এবং Z। এটি দ্রুতগতিতে কাজ করে এবং কমপ্রেসন রেশিও প্রচুর। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.7-zip.org>

৩। ভিএলসি (মিডিয়া পে-য়ার)

এ সময়ের সবচেয়ে আলোচিত মিডিয়া পে-য়ার ভিএলসি মিডিয়া পে-য়ার। এটি অডিও/ভিডিওর জন্য প্রচলিত সমস্ত ফরম্যাট এবং সব স্ট্রিমিং প্রটোকল সমর্থন করে। অ্যানিমেশন এবং মুভির যারা ভক্ত তাদের সবার জন্য ভিএলসি মিডিয়া পে-য়ার একটি অবশ্য ব্যবহার্য সফটওয়্যার। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.videolan.org>

৪। মিরো (ইন্টারনেট টিভি)

মিরো একটি জনপ্রিয়, ফ্রি, ওপেন সোর্স ভিডিও পে-য়ার এবং পডকাস্ট ক্লায়েন্ট সফটওয়্যার। বিপুল

সংখ্যক হাই ডেফিনিশন ভিডিওসমৃদ্ধ মিরো দিন দিনই জনপ্রিয়তার দৌড়ে এগিয়ে যাচ্ছে। এতে প্রায় ৬০০০ ইন্টারনেট স্ট্রিম ও পডকাস্ট সঞ্চিত আছে। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.getmiro.com>

৫। ভার্সুয়ালবক্স (ভার্সুয়ালাইজেশন)

আপনার কম্পিউটারের অপারেটিং সিস্টেম উইন্ডোজ, লিনাক্স, ওপেন সোলারিস বা ম্যাক যাই হোক না কেন, সেটিকে না সরিয়েই আপনি লিনাক্স, এমএস/উইন্ডোজ বা যে কোনো অপারেটিং সিস্টেম চালাতে পারেন এই প্রোগ্রামের সাহায্যে। যারা উইন্ডোজ ডেভেলপমেন্ট এনভায়রনমেন্ট-এর অধীনে লিনাক্স বা পার্ল/শেল স্ক্রিপ্টিং ব্যবহার করতে চান তারা এ সফটওয়্যারটি ব্যবহার করতে পারেন। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.virtualbox.org/>

৬। ট্রুক্রিপ্ট (ডিস্ক এনক্রিপশন)

ট্রুক্রিপ্ট উইন্ডোজ, ম্যাক এবং লিনাক্স অপারেটিং সিস্টেমে ব্যবহারযোগ্য একটি ওপেন সোর্স ডিস্ক এনক্রিপশন সফটওয়্যার। এর কাজ হল স্টোরেজ ডিভাইস-এর কোনো একটি পার্টিশন বা গোটা স্টোরেজ ডিভাইসের মধ্যে সংকেতায়িত ভার্সুয়াল ডিস্ক তৈরি করার মাধ্যমে ব্যবহারকারীর উপাত্তকে নিরাপত্তা দেয়া। উইন্ডোজ ভিস্তা এবং এক্সপির জন্য এর যে ভারসন সেটি বৃট পার্টিশন বা গোটা বৃট ড্রাইভকে এনক্রিপ্ট করতে পারে। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.truecrypt.org>

৭। ক্যালিবার (ই-বুক কনভার্টার এবং রিডার)

ক্যালিবার একটি ফ্রি এবং ওপেন সোর্স ই-বুক লাইব্রেরি ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন। এটি ব্যবহারকারীর সংগ্রহের সমস্ত ই-বুক ব্যবস্থাপনার কাজটি করবে। শিরোনাম, লেখক, সংযুক্তির তারিখ, প্রকাশনার তারিখ, আকার, রেটিং, সিরিজ ইত্যদি অনুসারে এটি বইগুলোকে সার্টিং করতে পারে। ব্যবহারকারীর পছন্দমত ই-বুকগুলোকে ট্যাগিংও করা যায়। শিরোনাম/লেখক বা আইএসবিএন দিয়ে ইন্টারনেটে ই-বুক অনুসন্ধানেরও ব্যবস্থা আছে। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://calibre-ebook.com>

৮। নু-ক্যাশ (আর্থিক ব্যবস্থাপনা)

নু-ক্যাশ (GnuCash) ব্যক্তিগত এবং ক্ষুদ্র ব্যবসার জন্য প্রযোজ্য একটি আর্থিক হিসাবরক্ষণ সফটওয়্যার। এটি জিএনইউ লিনাক্স/বিএসডি, সোলারিস, ম্যাক এবং উইন্ডোজ অপারেটিং সিস্টেমে ব্যবহার করা যাবে। এর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলোর মধ্যে আছে ডাবল-এন্ট্রি বুককিপিং, শিডিউলড ট্রানজেকশন, স্মল বিজনেস একাউন্টিং ফিচার, ট্রানজেকশন ইমপোর্ট ম্যাচিং সাপোর্ট, মাল্টি কারেন্সি ট্রানজেকশন হ্যান্ডলিং ইত্যাদি। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.gnucash.org>

৯। জিম্প (গ্রাফিক্স/চিত্র সম্পাদনা)

অ্যাডোব ফটোশপের যোগ্য ওপেন সোর্স বিকল্প হিসেবে এরই মধ্যে নিজেকে প্রতিষ্ঠিত করেছে জিম্প (GIMP)। ফটো রিটাচিং, ইমেজ কম্পোজিশন, সাধারণ ইফেক্ট, ইমেজ অর্থরিংসহ চিত্র সম্পাদনার নানা কাজে জিম্প ব্যবহারকারীদের সমস্ত প্রয়োজন মেটাতে পারে। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://www.gimp.org>

১০। অডাসিটি (সাইড এডিটর/রেকর্ডার)

অডাসিটি একটি অল-ইন-ওয়ান অডিও এডিটর এবং রেকর্ডার প্রোগ্রাম। লাইভ অডিও রেকর্ড, টেপ কনভারশন, সাউন্ড ফাইল সম্পাদনা, মোবাইল ফোনের জন্য রিং টোন তৈরি এবং সিডি বা ডিজিটাল রেকর্ডিং-এ রেকর্ড করার জন্য অডাসিটি খুবই কার্যকর। যেখান থেকে ডাউনলোড করতে হবে: <http://audacity.sourceforge.net/download>